

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাজারে প্রবেশের দু'আ

কোন বাজার প্রবেশ করলে প্রচুর সওয়াবের আশায় নিম্নের দু'আ পাঠ করুনঃ

لاَ إِلهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، يُحْيِيْ وَيُمِيْتُ، وَهُوَ حَيُّ لاَّ يَمُوْتُ، بِيَدِهِ الْخَيْرُ، وَهُوَ عَلى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

উচ্চারণঃ লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, লাহুল মুলকু অলাহুল হামদু য়ুহেয়ী অ য়ুমীতু অহুয়া হাইয়ুল লা য়্যামূত, বিয়্যাদিহিল খাইরু অহুয়া আলা কুল্লি শাইয়িন ক্লাদীর।

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য নেই। তিনি একক, তাঁর কোন অংশী নেই। তাঁরই নিমিত্তি সারা রাজত্ব ও সকল প্রশংসা। তিনি জীবিত করেন ও মৃত্যু দান করেন। তিনি চিরঞ্জীব, তাঁর মৃত্যু নেই। তাঁরই হাতে যাবতীয় মঙ্গল এবং তিনি সর্ব বস্তুর উপর সর্বশক্তিমান।

বাজার প্রবেশ করে এই দু'আটি যে পাঠ করবে আল্লাহ তাআলা তার জন্য ১০ লক্ষ পুণ্য লিপিবদ্ধ করবেন, তার ১০ লক্ষ পাপ মোচন করে দেবেন, তাকে ১০ লক্ষ মর্যাদায় উন্নীত করবেন এবং জান্নাতে তার জন্য একটি গৃহ নির্মাণ করবেন।"[1]

ফুটনোট

[1]. সহীহ তিরমিয়ী হা/৩৪২৯, ইবনে মাজাহ তাওহীদ পাবঃ হা/২২৩৫, হাকেম ১/৫৩৮, মিশকাত হাদীস একাডেমী হা/২৪৩১

Source — https://www.hadithbd.com/books/link/?id=7953

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন